



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষিভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা ১০০০

আইন বিভাগ

ওয়েবসাইট: www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৮.০১১.০০.০০.০২৭.২০০৪ (খন্ড-২)-৫১৬

তারিখঃ ০৭ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ  
২৩ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

আপিল বিভাগে বিচারাধীন মামলা পরিচালনার জন্য প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তির পুনঃবিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাধীনে সুপ্রিমকোর্টের আপিল বিভাগে বিচারাধীন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর মামলাসমূহ পরিচালনার জন্য ০২ (দুই) জন প্যানেল এ্যাডভোকেট তালিকাভুক্তির উদ্দেশ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

১. বাংলাদেশ সুপ্রিমকোর্টের আপিল বিভাগে মামলা পরিচালনার জন্য তালিকাভুক্ত (enrolled) হতে হবে।
২. প্যানেলভুক্ত এ্যাডভোকেটগণ আদালতে বিএডিসি'র পক্ষে মামলা পরিচালনার জন্য বিএডিসি কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ফী পাবেন।
৩. যে সকল প্রার্থীর সুপ্রিমকোর্ট ক্যাম্পাস/তৎসংলগ্ন এলাকায় নিজস্ব চেম্বার নেই তাদের আবেদন করার প্রয়োজন নেই।
৪. আইন বিভাগের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের ৮৪ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল আবেদনকারীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
৫. প্যানেল এ্যাডভোকেট পদে তালিকাভুক্ত হতে আত্মহী আবেদনকারীর নাম, পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং চেম্বারের ঠিকানা, শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা ইত্যাদি উল্লেখপূর্বক ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সার্টিফিকেটসমূহের অনুলিপি এবং সাম্প্রতিক তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নিজস্ব প্যাডে সচিব, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে আবেদন করতে হবে এবং উহা আগামী ১২ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে সচিব দপ্তরে পৌঁছাতে হবে।
৬. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
৭. অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
৮. অত্র নোটিশ বিএডিসি'র ওয়েব সাইট: www.badc.gov.bd ঠিকানায়ও দেখা যাবে।

২৩/০৩/১৮

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৬৫৪৩৫৯।

e-mail: secretary@badc.gov.bd